বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭

বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস্ লিঃ

(বিডি-ওয়েলডিং)





বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস্ লিঃ

BD-W

সূচিপত্র

ক্র:নং	বিষয়	পৃষ্ঠা নং
১.	কর্পোরেট উদ্দেশ্যাবলী	২
২.	কোম্পানী প্রোফাইল	৩
৩.	১৮তম বার্ষিক সাধারন সভার একটি চিত্রকল্প	৪-৫
৪.	পরিচালনা পর্ষদ	৬-৭
৫.	আন্তর্জাতিক ব্রান্ডের মানের অনুমোদন	৮
৬.	১৯তম সাধারন সভার নোটিশ	৯
৭.	চেয়্যারম্যানের বিবৃতি	১০-১৩
৮.	পরিচালনা পর্ষদের প্রতিবেদন	১৪-১৯
৯.	উদ্বেগ ও তার প্রতিকার প্রতিবেদন-সংযোজনী-১	২০
১০.	বিগত ৫ বছরের পরিচালনার তথ্যচিত্র-সংযোজনী-২	২০
১১.	মুল্য সংযোজন বিবৃতি	২১
১২.	বোর্ড মিটিং এর সংখ্যা-সংযোজনী-৩	২২
১৩.	শেয়ার হোল্ডার এর প্যাটার্ন	২২
১৪.	কর্পোরেট গভর্ননেন্স এর নির্দেশিকা শর্তের সঙ্গে সম্মতির সনদ	২৩
১৫.	কর্পোরেট গভর্নেন্স এর সম্মতির অবস্থান প্রতিবেদন-সংযোজনী-এ	২৪-২৭
১৬.	কর্পোরেট গভর্নেন্স প্রতিবেদন	২৮
১৭.	নিরীক্ষা কমিটির প্রতিবেদন	২৯
১৮.	সি.ই.ও এবং সি.এফ.ও এর আর্থিক প্রতিবেদন বিবৃতি	৩০
১৯.	অপারেশন ইউনিট এবং শাখা	৩১
২০.	নিরীক্ষকের প্রতিবেদন	৩৩-৩৪
২১.	আর্থিক অবস্থার বিবৃতি	৩৫
২২.	সমন্বিত আয় বিবৃতি	৩৬
২৩.	ইকুইটি পরিবর্তনের বিবৃতি	৩৭
২৪.	নগদ প্রবাহের বিবৃতি	৩৮
২৫.	আর্থিক বিবৃতির নোট	৩৯-৬৬
২৬.	প্রক্সি ফর্ম	৬৭

MARSTOCK

কর্পোরেট উদ্দেশ্যাবলী

ওয়েলডিং টেকনোলজিতে বাংলাদেশে আমরা একটি বিশেষায়িত শিল্প প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি অব্যাহত রাখতে চাই।

ওয়েলডিং এর সুনির্দিষ্ট কার্যক্রমে সকল ভোক্তাদের শুধু আজকের নয়, আগামী দিনের প্রয়োজনে সঠিক পন্য ও সেবা নিশ্চিত করতে কোম্পানীর প্রচেষ্টা অব্যাহত থাকবে। আমাদের অব্যাহত প্রচেষ্টা, একাগ্রতা এবং কার্যকরী পদক্ষেপের মাধ্যমে আমরা বিনিয়োগের নিরাপত্তা ও আকর্ষনীয় লভ্যাংশ প্রদান সহ দেশের সার্বিক উন্নয়নে নিরব ভুমিকা রাখছি।

কোম্পানীর তথ্যাবলী

প্রধান কার্যালয়	:	মুক্ত বাংলা শপিং কমপ্লেক্স,রুম #১৮৯-১৯২ লেভেল-৮ (লিফট-৭), মিরপুর-১, ঢাকা-১২১৬, বাংলাদেশ মোবাইল: ০১৭১২-১৭৮৪২১ ই-মেইল : ceo@bwelbd.com,
ওয়েব সাইট	:	www.bwelbd.com
কারখানা		শ্রীরামপুর, সুতিপাড়া পোঃ কালামপুর থানা : ধামরাই, জেলা : ঢাকা-১৩৫১ মোবাইল: ০১৬৭৩-৩৩৮০৬২,০১৭১৮-৪১৩১৫৯ ই-মেইল :bweldhamrai@gmail.com
প্রতিষ্ঠাকাল	:	১৯৬৯
শিল্প অধিগ্রহনের বছর	:	১৯৮৩ সালে সরকার হতে অধিগ্রহন
বাজারে শেয়ার ছাড়ার প্রস্তাব	:	জুলাই ১৯৯৯
রাইটস্ ইস্যু ছাড়ার বছর	:	মে, ২০১১
শিল্পটির লিগাল ষ্ট্যাটাস	:	পাবলিক লিমিটেড কোম্পানী
ব্যবসায়ের ধরন	:	ওয়েলডিং ইলেকট্রোডস্ ও ইন্ডাষ্ট্রিয়াল অক্সিজেনের উৎপাদন ও বিপনন।
ব্র্যান্ডের উপর আন্তর্জাতিক অনুমোদন	:	এল.আর.এস/ জি.এল/ বিভি/ রিনা
ব্যাংকার	:	মার্কেন্টাইল ব্যাংক, প্রাইম ব্যাংক,অগ্রনী ব্যাংক
অডিটরস্	:	মেসার্স মাহফেল হক এন্ড কোম্পানী
আইনী পরামর্শক	:	এড: এম জুয়েল আহমেদ সুপ্রীম কোর্ট বাংলাদেশ

সাধারন তথ্য

অনুমোদিত মুলধন	: টা: ৫০ কোটি
পরিশোধিত মুলধন	: টা: ৪২.৯২ কোটি
শেয়ারহোল্ডার	: ৭,৫৩২ জন (০৭.১২.২০১৭ রেকর্ড ডেট অনুযায়ী)
ষ্টক এক্সচেঞ্জ লিষ্টিং	: ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিঃ
	: চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিঃ

A PICTORIAL VIEW OF THE 18TH ANNUAL GENERAL MEETING HEAD ON 05 DECEMBER 2016



The Chairman Mr. S.S.M Kamal addressing at the 18th Annual General Meeting to the honorable shareholders.



The Managing Director addressing at the 18th Annual General Meeting to the shareholders.

The Shareholders Attended at the 18th Annual General Metting.






A PICTORIAL VIEW OF THE 18TH ANNUAL GENERAL MEETING HEAD ON 05 DECEMBER 2016



The Director Mr. Md. Rafiqul Islam addressing at the 18th Annual General Meeting to the honorable shareholders



The Independent Director addressing at the 18th Annual General Meeting to the shareholders

The Shareholders Attended at the 18th Annual General Metting.



পরিচালনা পর্ষদ



মোঃ কামাল হোসেন গাজী

চেয়ারম্যান

(২০১৭ সালের জানুয়ারী হতে)

জনাব মোঃ কামাল হোসেন গাজী, জেনারেল ম্যানেজার ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্তৃক মনোনীত হয়ে পরিচালক হিসাবে বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস এ যোগদান করেন। পরবর্তীতে তিনি গত ১১ জানুয়ারী ২০১৭ তারিখ হতে পরিচালনা পর্ষদের চেয়ারম্যার নির্বাচিত হন। জনাব গাজী ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিপনন বিভাগ হতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ব্যাংকারস্ ইনষ্টিটিউট বাংলাদেশ (আই.বি.বি) এর একজন ডিপ্লোমা এসোসিয়েট।

জনাব কামাল হোসেন গাজী ১৯৮৭ সালে ইনভেষ্টমেন্ট কর্পোরেশস অব বাংলাদেশ (আই.সি.বি) তে একজন সিনিয়র অফিসার হিসাবে কর্মজীবন শুরু করেন। তিনি বিভিন্ন বিভাগ ও বিভাগীয় প্রধান হিসাবে দায়িত্ব পালন ছাড়াও আই.সি.বির বগুড়া, খুলনা ও চট্রগ্রাম শাখার প্রধান হিসাবে কর্মরত ছিলেন।
তিনি আই.সি.বি অ্যাসেসমেন্ট ম্যানেজমেন্ট লিঃ এর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর চেয়ারম্যান পদ ছাড়াও তিনি আজিজ পাইপ লিঃ এর চেয়ারম্যান পদে রয়েছেন। এছাড়া তিনি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে দীর্ঘ সময় দায়িত্ব পালন করেন।
জনাব গাজী সফলভাবে অনেক সেমিনার, কর্মশালা এবং প্রশিক্ষন কার্যক্রমে দেশে এবং দেশের বাইরে অংশগ্রহন করেন।
সম্প্রতি তিনি এন.আই.বি.এম, পুনা-ইন্ডিয়া কর্তৃক পরিচালিত কর্পোরেট গভর্ননেন্স এর উপর প্রশিক্ষন কর্মসুচি সফলভাবে সম্পন্ন করেন।



মোঃ রফিকুল ইসলাম

পরিচালক

(এপ্রিল ২০১৬ হতে)

জনাব মোঃ রফিকুল ইসলাম, জেনারেল ম্যনেজার, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আই.সি.বি) কর্তৃক বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে মনোনয়ন প্রাপ্ত হন এবং ২০১৬ সালের ০৫ ই ডিসেম্বর অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভায় (এজিএম) তা অনুমোদিত হয়।
জনাব রফিকুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৭ সালে মার্কেটিং এ স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের পর ১৯৮৮ সালে ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আই.সি.বি) তে কর্মজীবন শুরু করেন।

বর্তমানে তিনি জেনারেল ম্যানেজার -অপারেশনস হিসেবে কর্মরত আছেন।

তিনি ইনষ্টিটিউশন অব ব্যাংকার (আই.বি.বি) এর একজন ডিপ্লোমা এসোসিয়েট।

তিনি ২০১৬ সালের ২৭ শে এপ্রিল বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস্ লিঃ এর পরিচালনা পর্ষদে সক্রিয় অংশগ্রহন ও দিক নির্দেশনা ছাড়াও কোম্পানীর অডিট কমিটির সদস্য হিসেবে গুরুত্বপুর্ন দিক নির্দেশনা প্রদান অব্যাহত রাখছেন। তিনি আই.সি.বি হতে মনোনীত পরিচালক হিসাবে আজিজ পাইপস্ লিঃ সহ বেশ কয়েকটি কোম্পানীর পরিচালনা পর্ষদের সদস্য ছিলেন। বর্তমানে তিনি ন্যাশনাল পলিমার ইন্ডাষ্ট্রিজ লিঃ, আসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ সহ বেশ কয়েকটি কোম্পানি পরিচালনা পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব ইসলাম দেশের অভ্যন্তরে এবং দেশের বাইরে বিভিন্ন সভা-সেমিনার অংশগ্রহন করেছেন যা অব্যাহত আছে।



এস.এম. নুরুল ইসলাম

ব্যবস্থাপনা পরিচালক

(১৯৯১ সাল হতে)

জনাব এম.এস.নুরুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ হতে মাষ্টার্স ডিগ্রী লাভ করার পর ১৯৭৬ সালে তদানীন্তন বাংলাদেশ অক্সিজেন লিঃ বর্তমানে লিন্ডে বাংলাদেশ লিঃ এ কর্মজীবন শুরু করেন।

বিভিন্ন গুরুত্বপুর্ন পদে খুলনা, ঢাকা এবং চট্রগ্রাম শাখায় প্রায় ১০ বছর কাজ করার পর তিনি ১৯৮৬ সালে পদ ত্যাগ করেন এবং বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এ সেলস্ ম্যানেজার হিসেবে যোগদান করেন এবং ছয় মাস কাজ করার পর জাপানে চলে যান। দেশে ফিরে আর.এম গ্রুপ অব কোম্পানীর গ্রুপ জেনারেল ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৯১ সালে বর্তমান বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর শেয়ার ক্রয় করত স্পন্সর ডাইরেক্টর হিসেবে ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্বপ্রাপ্ত হন। আন্তর্জাতিক ওয়েলডিং প্রযুক্তিতে ডিপ্লোমা অর্জন ছাড়াও এম.বি.এ ডিগ্রী অর্জন করেন।

ব্যাপকভাবে বিভিন্ন দেশ ভ্রমনকারী জনাব ইসলাম বাংলাদেশের ওয়েলডিং টেকনোলজিতে একমাত্র ফরমুলেটর হিসাবে আন্তর্জাতিক মান নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক স্বীকৃত প্রাপ্ত ব্যক্তিত্ব।



মোঃ জাকির হোসেন খান

পরিচালক

(জানুয়ারী ২০১৭ হতে)

জনাব মোঃ জাকির হোসেন খান ইনভেষ্টমেন্ট বাংলাদেশ কর্তৃক মনোনীত পরিচালক হিসেবে জানুয়ারী ২০১৭ তে বাংলাদেশ ওয়েরডিং ইলেকট্রোডস্ লিঃ যোগদান করেন।

জনাব খান ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বি.কম (সম্মান) ও এম.কম. মার্কেটিং সমাপ্ত করে প্রায় ৩০ বছর পুর্বে আই.সি.বিতে সিনিয়র অফিসার হিসেবে যোগদান করেন। আই.সি.বির সঙ্গে দীর্ঘ মেয়াদী কর্ম জীবনে বিভিন্ন গুরুত্বপুর্ন পদে অধিষ্ঠিত ছিলেন। বর্তমানে তিনি ডেপুটি জেনারেল ম্যানেজার হিসেবে কর্মরত আছেন।

জনাব খান বিভিন্ন প্রশিক্ষন প্রোগ্রাম ও সেমিনারে অংশ নেন।



এডভোকেট
এ.এইচ.এম. রিয়াজুল ইসলাম আজাদ

স্বতন্ত্র পরিচালক

(২০১৩ সাল হতে)

এডভোকেট এ.এইচ.এম রিয়াজুল ইসলাম আজাদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ হতে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন এবং ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এল.এল.বি ডিগ্রী অর্জনের পর ১৯৯১ সাল হতে একজন আইনজীবী হিসাবে বাংলাদেশ বার এসোসিয়েসনে নিবন্ধিত হন।


একজন সিনিয়র আইনজীবী হিসেবে নারায়নগঞ্জ অতিরিক্তি ও সেশন জজ কোর্টের সরকারী আইনজীবী (পাবলিক প্রসিকিউটর) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি একটি সক্রিয় রোটারিয়ান এবং নারায়নগঞ্জ জেলা কেন্দ্রীয় রোটারী ক্লাবের সভাপতি ছিলেন। তিনি ষ্টক এক্সচেঞ্জ এ তালিকা ভুক্ত বিভিন্ন কোম্পানীর স্থিতিপত্র ও অন্যান্য বিষয়ের পর্যালোক হিসেবে খ্যাতি অর্জন করেছেন।

এডভোকেট এ.এইচ.এম রিয়াজুল ইসলাম আজাদ এশিয়া এবং ইউরোপের বিভিন্ন দেশ ভ্রমন করে আইন বিষয়ক বিভিন্ন জ্ঞান অর্জন করেছেন।

এডভোকেট রিয়াজুল কোম্পানীর অডিট কমিটির চেয়ারম্যানের দায়িত্বে নিয়োজিত আছেন।

International Quality Approval on Brands


INTERNATIONAL QUALITY APPROVAL ON BRANDS




LLOYD'S REGISTER OF SHIPPING —ENGLAND



GERMANISHCHER LLOYD —GERMANY



BUREAU VERITAS —FRANCE



REGISTRO ITALIANO NAVALE —ITALY

১৯তম বার্ষিক সাধারন সভার নোটিশ

এতদ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর ১৯ তম বার্ষিক সাধারন সভা আগামী ২৭ ডিসেম্বর ২০১৭ রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকায় শহিদ কমিশনার ছায়েদুর রহমান নিউটন কমিউনিটি সেন্টার (৮ নং ওয়ার্ড), চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬ এ অনুষ্ঠিত হবে। সভার আলোচ্যসূচী নিম্নরুপঃ

আলোচ্যসুচিঃ

১.৩০শে জুন ২০১৭ সমাপ্ত বছরের হিসাব,অডিটরদের এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহন ও অনুমোদন।

২. ৩০শে জুন ২০১৭ সমাপ্ত বছরের জন্য ডিভিডেন্ড/ নো ডিভিডেন্ড ঘোষনা

৩. পরিচালক নির্বাচন।

৪. অডিটরদের নিয়োগদান ও পারিশ্রমিক নির্ধারন।

৫. চেয়ারম্যান মহোদয়ের অনুমতি ক্রমে যে কোন প্রসঙ্গ।

বোর্ডের আদেশ অনুযায়ী,

(সুমন চন্দ্র দেবনাথ)
কোম্পানী সচিব

তারিখ, ঢাকা
০৬.১২.২০১৭ ইং

নোটঃ

১. রেকর্ড ডেট ৭ ডিসেম্বর রোজ-বৃহস্পতিবার।

২. যে সকল সদস্য বার্ষিক সাধার সভায় যোগ দানে যোগ্য তারা ইচ্ছা করলে প্রতিনিয়োগ দ্বারা তাদের পক্ষে ভোট দানের ক্ষমতা অর্পন করতে পারবেন।

৩. প্রক্সি প্রদানের ফরমটি সই স্বাক্ষর সহ কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে মিটিং এর জন্য নির্ধারিত তারিখের ৪৮ ঘন্টা পুর্বে জমা দান করতে হবে।

৪. বার্ষিক প্রতিবেদন, শেয়ারহোল্ডারদের উপস্থিতি স্লিপ কুরিয়ার সার্ভিস কিংবা ডাক যোগে প্রেরন করা হবে। শেয়ারহোল্ডারগন চাইলে তা কোম্পানীর রেজিষ্টার্ড অফিস হতে সংগ্রহ করতে পারবেন।

৫. শেয়ারহোল্ডারদের ঠিকানা পরিবর্তন কোম্পানীকে অবহিত করতে হবে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৫৪ তারিখ:. ২৪ অক্টোবর ২০১৩ ইং মোতাবেক বার্ষিক সাধারন সভায় কোনো উপহার কিংবা আপ্যায়নের ব্যবস্থা থাকবে না।

AMAR STOCK

চেয়ারম্যানের প্রতিবেদন

আস্‌সালামু আলাইকুম ও সুপ্রভাত
সম্মানিত শেয়ার হোল্ডার ও অংশীদারগণ
আপনাদের কোম্পানী "বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস্ লিঃ" এর ১৯ তম বার্ষিক সাধারন সভায় উপস্থিত হয়ে কোম্পানীর ৩০ জুন ২০১৭ সমাপ্ত বছরের ব্যবসায়িক ফলাফল উপস্থাপনের সুযোগ দানের জন্য আপনাদের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।
যদিও আমি এ মুহূর্তে ব্যবসায়িক ও অন্যান্য বিষয়াবলী আপনাদের নিকট ব্যক্ত করছি, বাস্তবে সার্বিক বিষয়টি আমার পূর্বসুরী ৫(পাঁচ) জন চেয়ারম্যান পরিবর্তন হয়েছেন। সর্বশেষ চেয়ারম্যান হিসেবে আইসিবির উপব্যবস্থাপনা পরিচালক জনাব এস.এস.এম কামাল চাকুরী হতে অবসরে গেলে চলতি বছরের জানুয়ারীতে আমাকে আপনাদের কোম্পানীর পরিচালনা পর্ষদে মনোনয়ন দেওয়া হয়। কোম্পানীর পরিচালনা পর্ষদ চেয়ারম্যান নির্বাচিত করেন।
শুরুতেই এক কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হই। আপনারা বিগত ০৫ ডিসেম্বর ২০১৬ তে বিশেষ সাধারন সভা (ইজিএম) করে সিদ্ধান্ত নিয়েছিলেন যে, সাউথইষ্ট ব্যাংক লিঃ বংশাল শাখা, ঢাকায় মর্টগেজকৃত কোম্পানীর চট্রগ্রামস্থ কারখানার ২৪৯ শতাংশ জমি টেন্ডার কিংবা আগ্রহী ক্রেতাদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে বিক্রির ব্যবস্থা করা এবং ব্যাংকের দায়-দেনা পরিশোধ এবং ঢাকার ধামরাই অঞ্চলে কমবেশী ২০০ শতাংশ জমি করার মাধ্যমে কারখানার প্লান্ট এন্ড মেশিনারী স্থানান্তর করে পুনরায় চালু করা।
চট্রগ্রামস্থ মর্টগেজকৃত জমি বিক্রিতে ঋনদানকারী ব্যাংকের পুর্বানুমতি ছাড়া টেন্ডারের মাধ্যমে বিক্রিতে জটিলতা দেখা দেয়। ব্যাংক সিদ্ধান্ত দেয় যে, টেন্ডারে বিক্রি করতে হলে তা ব্যাংকের মাধ্যমেই করতে হবে। এই জটিলতা নিরসনকল্পে চট্রগ্রাম এবং ঢাকায় বিভিন্ন কর্পোরেট গ্রুপ এবং ব্যক্তি/ডেভেলপার পর্যায়ে প্রকল্প সম্পত্তি বিক্রির চেষ্টা করা হয়। বেশ কিছু সম্ভাব্য ক্রেতা শিল্প প্লটটি পরিদর্শন করেন এবং ক্রয়ে অনাগ্রহ প্রকাশ করেন কারন চট্রগ্রামের এই শিল্প প্লটটি বন্যা ঝুকিপ্রবন লাকা যা প্লটটির পশ্চিমে বায়োজিদ বোস্তামী রোড হতে প্রায় ৭ ফুট ঢালে অবস্থিত।
চট্রগ্রামের কিছু গ্রুপ সম্পত্তি ক্রয়ের আগ্রহ প্রকাশ করলেও এলাকায় প্রচলিত দর হতে অর্ধেক দাম প্রস্তাব করে এবং কিস্তিতে মুল্য পরিশোধের প্রস্তাব দেয়। চট্রগ্রামে মর্টগেজকৃত জমি বিক্রয় একটি দুরুহ ব্যাপার হয়ে দাড়ায় কারন কিছু ব্যাংক খেলাপী ঋন দায়গ্রস্থ জমি বিক্রিতে টেন্ডার আহবান করলেও কোন ক্রেতার নিকট হতে সাড়া পায়নি যা একাধিক পত্রিকায় প্রকাশিত হয়। এহেন অবস্থায় ঋনদানকারী সাউথইষ্ট ব্যাংক মামলার প্রস্তুতি হিসাবে কোম্পানীর প্রতি আইনগত নোটিশ জারি করে। কারখানার জমি বিক্রির বিষয়টি জটিল হতে জটিলতর রুপ ধারন করে।

চট্রগ্রাম কারখানার জমি বিক্রি:

বি,এস,আর,এম গ্রুপ আর্থিকভাবে সবল এবং কোম্পানীর ব্যাংক ঋনের সমুদয় টাকা পরিশোধে সক্ষম হলেও জমির দর একর প্রতি ১৪ কোটি টাকা দেয়ার প্রস্তাব দিয়ে অনড় থাকে। পরিচালনা পর্ষদের সক্রিয় ভুমিকায় উক্ত দর সর্বশেষ একর প্রতি ১৫ কোটি টাকায় উন্নীত হয় এবং একটি সমঝোতা স্বারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্বারক অনুযায়ী নিম্নোক্তভাবে টাকা পরিশোধ সাব্যস্ত হয়। জমির মুল্য ও পরিশোধ পদ্ধতি নিরুপিত হয় নিম্নোক্তভাবে।

মোট জমি ২.৪৯ একর x টা: ১৫০,০০০,০০০	টা:	৩৭,৩৫,০০,০০০
বাদ : খাস খতিয়ান অন্তর্ভুক্ত ০.২৬ একর	টা:	৩,৯০,০০০,০০
	মোট টা:	৩৩,৪৫,০০,০০০
বাদ : সি,ডি,এ নামজারী ফি	টা:	২,২৬,০৬,৫০০
	টা:	৩১,১৮,৯৩,৫০০
বাদ : সাউথইষ্ট ব্যাংকের ঋন পরিশোধ	টা:	২২,৫৭,১৪,০০০
	টা:	৮,৬১,৭৯,৫০০
বাদ :গ্যাস বিল, বিদ্যুৎ বিল, কর্মচারী বিদায় এবং জমির খাজনা বাবদ	টা:	৭৫,৫৮,৩১৪
কোম্পানী নগদে প্রাপ্ত হয়	টা:	৮৬,২১,১৮৬

বাস্তবে ২.৪৯ একর জমির মধ্যে ০.২৬ একর জমি সরকারের খাস খতিয়ানে অন্তর্ভুক্ত হওয়ায় তার নামজারী না হওয়া পর্যন্ত ক্রেতা প্রতিষ্ঠান কোনরুপ বায়নার টাকা দিতে অপারগতা প্রকাশ করেন। যেহেতু কারখানার দখল বুঝিয়ে দেয়ার প্রশ্ন আসে সেহেতু অনেক দেন দরবারের পর খাস খতিয়ানে ০.২৬ একর জমি নামজারী সাপেক্ষে মোট মুল্য ৩,৯০,০০,০০০ টাকার মধ্যে ১,০০,০০,০০০ টাকা প্রদানে রাজী হয়। ফলে কোম্পানীর এসক্রো একাউন্টে টাকা জমা হয় ৮,৮৬,২১,১৮৬ টাকা।

জমির ক্রেতা বি,এস,আর,এম লিঃ সহিত আপনাদের কোম্পানী নিম্নোক্ত শর্ত প্রতিপালনে সম্মত হয়।

ক) ১৩.০৬.২০১৭ ইং তারিখ হতে সর্বোচ্চ ৪ মাসের মধ্যে চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সি,ডি,এ) নামজারী সম্পন্ন করতে হবে।

খ) খাস খতিয়ানভুক্ত ০.২৬ একর জমি অবমুক্ত করাতে হবে।

গ) সমঝোতা স্বারক স্বাক্ষরের ০৭ দিনের মধ্যে উৎপাদন বন্ধ করত; শ্রমিক কর্মচারী বিদায় করতে হবে।

ঘ) ০১ মাসের মধ্যে বিদ্যুৎ, গ্যাস, পানির বিল ও জমির খাজনা পরিশোধ করতে হবে।

জমি ক্রয়ের পুর্বে টাকা পরিশোধে জটিলতা:

আপনারা অবগত আছেন যে, কোম্পানীর উদ্যোক্তা পরিচালকদের একটি অংশ তাদের সমুদয় শেয়ার আইসিবির নিকট বিক্রি করে যায়। শেয়ার বিক্রি করে যাওয়ার পুর্বেই কোম্পানীর খাতায় কারসাজির মাধ্যমে তাদের কর্তৃক সৃষ্ট দেনার মধ্যে ৫ কোটি টাকার একটি দাবী সৃষ্টি করে যায়। কোম্পানীর পরিচালনা পর্ষদ উক্ত দাবী ন্যায় এবং বিধি সংগত নয় বিধায় তা পরিশোধ নাকোচ করে দিলে প্রাক্তন পরিচালদের ওয়ারিশানগন ঢাকার পঞ্চম জেলা জজ আদালতে কোম্পানীর বিরুদ্ধে একটি মানি মামলা # ২৯/২০১৪ দায়ের করে।

অত্যন্ত পরিতাপের বিষয় কোম্পানীর জমি ক্রয়ের টাকা ইজিএম এ আপনাদের সিদ্ধান্ত মোতাবেক সাউথইষ্ট ব্যাংকের পাওনা পরিশোধ অবশিষ্ট টাকা আই,এফ,আই,সি ব্যাংক,মতিঝিল শাখায় এসক্রো একাউন্টে জমা হওয়া মাত্র চেয়ারম্যান- বি,এস,ই,সি, ব্যবস্থাপনা পরিচালক- আইসিবি, ব্যবস্থাপনা পরিচালক- সাউথইষ্ট ব্যাংক লিঃ, জমির ক্রেতা বি,এস,আর,এম গ্রুপ এবং আপনাদের কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বরাবর উকিল নোটিশ প্রেরন করে এবং যথাসময়ে আদালতে একটি সম্পুরক মামলা দায়ের করত;জমি বিক্রি টাকার উপর আটকাদেশের আবেদন করে।

বিজ্ঞ আদালত কোম্পানীর প্রতি এই মর্মে সমন জারী করেন যে, মানি মামলার বাদীদের পাওনার বিপরীতে এসক্রো একাউন্টের টাকার উপর কেন আটকাদেশ দেওয়া হবে না তার কারন দর্শানোর জন্য ৭ দিনের মধ্যে জবাব দানের নির্দেশ দেন। উপায়ান্তর না দেখে কোম্পানী আদালতে মামলা মোকাবেলার প্রস্তুতি নেয়। কোম্পানীর পরিচালনা পর্ষদ সাধারন শেয়ারহোল্ডারদের স্বার্থ বিবেচনায় নিয়ে ধামরাইতে জমি ক্রয়ের পদক্ষেপ গ্রহন করেন। শুনলে খুশি হবেন,শেয়ারহোল্ডারদের স্বার্থ আদালতে সংরক্ষিত হয়েছে। দীর্ঘ শুনানীর পর মাননীয় আদালত উক্ত মামলায় এ প্রতিবেদন তৈরীর প্রাক্কালে এসক্রো একাউন্টের টাকার উপর আটকাদেশ না দিয়ে মামলাটি খারিজ করা হলো মর্মে রায় প্রদান করেছেন। ফলে কোম্পানীর জমি ক্রয় আপাতত: বিপদমুক্ত হলো। আসুন আমরা সকলে মিলে আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করি যে, আপনাদের কোম্পানীটি আল্লাহ রক্ষা করেছেন।

ধামরাইতে কারখানার জমি ক্রয়:

চট্রগ্রামের জমি বিক্রিতে জটিলতা ও বিলম্বের দরুন ধামরাইতে নির্ধারিত জায়গা হাত ছাড়া হওয়ার উপক্রম হয়। তারপরেও প্রচেষ্টা অব্যাহত থাকে। ধামরাই অঞ্চলে ঢাকা-আরিচা হাইওয়ের পাশে উপযুক্ত জায়গা পাওয়া বলতে গেলে ভাগ্যের ব্যাপার। শুনলে আপনার খুশি হবেন ঢাকা-আরিচা হাইওয়ের পাশে একই পরিবারভুক্ত একটি প্লট পাওয়া যায় যার পরিমান ২০৯.৬৫ শতাংশ বা ২.০৯৬৫ একর। ইতিমধ্যে ১০৯.৮৮ শতাংশ জমির সাব কবলা হয়েছে যাতে কোম্পানীর নামজারীর জন্য এসি ল্যান্ড অফিসে প্রক্রিয়াধীন আছে। বাদ বাকী ৯৯.৭৭ শতাংশ জমির বায়না হয়েছে এবং জমি বিক্রেতাগন জমির দখল কোম্পানীকে বুঝিয়ে দিয়েছে।

জমি রেজিষ্ট্রিতে বিপত্তি:

এসক্রো একাউন্ট এর টাকা দিয়ে জমি রেজিষ্ট্রি করতে গেলে বিপত্তি দেখা দেয়। সাব রেজিষ্ট্রার কোম্পানীর নামে জমি রেজিষ্ট্রিতে অপারগতা প্রকাশ করেন কারন আয়কর বিভাগ কর্তৃক লিখিত নিষেধাজ্ঞা আরোপিত ছিল। ফলে আয়কর কমিশনারের সহিত যোগাযোগ করে বকেয়া করের একটি অংশ প্রদান করত; নিষেধাজ্ঞা প্রত্যাহারের আয়োজন করা হয়। এটা সহজেই অনুমেয়, যে কুচক্রী মহল যারা কোম্পানী ধ্বংসের প্রচেষ্টায় লিপ্ত ছিল এটা তাদেরই কাজ।

জমি উন্নয়নের কাজ:

জমি ক্রয়/বায়নার সঙ্গে সঙ্গে প্লটে কাজ ধরার প্রস্তুতির শুরুতে সমস্যা দাড়ায় প্রবেশ পথে সড়ক ও জনপথ বিভাগের মালিকানাধীন ৮০ ফুট ঢ ৪০ ফুট একটি নালা ভরাটের প্রয়োজন পড়ে যা প্রায় রাস্তা হতে ১৬ ফুট গভীর। পুর্বে এ ধরনের নালা ভরাটে সড়ক ও জনপথ বিভাগের অনুমতির প্রয়োজন হতো না। হালে এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত হলো লীজ গ্রহনের জন্য আবেদন করা। বিধি মোতাবেক আবেদন দাখিল করা হয় এবং প্রাথমিক সম্মতি নিয়ে মাটি ভরাটের কাজ শুরু করা হয়।

চট্রগ্রামের কারখানা হতে প্লান্ট এন্ড মেশিনারী স্থানান্তর:

চট্রগ্রামের জমির ক্রেতা প্রতিষ্ঠানের সহিত সমযোতা স্মারক অনুযায়ী সর্বোচ্চ ৪ মাসের মধ্যে যন্ত্রপাতি স্থানান্তরের অঙ্গীকার ছিল। এ দিকে প্লটে প্রবেশ পথ তৈরী না হওয়ায় তা সরানো যাচ্ছিলো না ফলে ক্রেতা প্রতিষ্ঠানের চাপের মুখে দুটি ওয়েলডিং ইলেকট্রোডস প্লান্ট এর মধ্যে একটি প্লান্ট ঢাকার পোস্তগোলায় ভাড়ার জায়গায় স্থানান্তর করা হয়। বাদ বাকী প্লান্ট এন্ড মেশিনারীর একটি অংশ ধামরাইতে স্থানান্তর করা হয়েছে এবং তা স্থাপনের কাজ চলছে।

ব্যবসায়িক পরিবেশ :

২০১৬-১৭ অর্থ বছরটি ব্যবসায়িক দৃষ্টিকোন থেকে বলতে গেলে ভালোই ছিল। আপনাদের কোম্পানীর কাঁচামাল যেহেতু শতভাগ আমদানী নির্ভর সেহেতু ব্যাংকের সহিত ঋন প্রক্রিয়া বন্ধ থাকায় কাঁচামাল আমদানী কঠিন হয়ে দাড়ায়। তবে বিভিন্নভাবে কিছু কাঁচামাল আমদানী করত; উৎপাদন অব্যাহত রেখে বাজার ধরে রাখার চেষ্টা করা হয়। দেশীয় ওয়েলডিং কারখানা গুলোর উৎপাদন সক্ষমতা থাকার পরও চীন হতে কম দামে নিম্ন মানের ওয়েলডিং রড বাজার সয়লাব করে ফেলে। চায়নীজ ওয়েলডিং ইলেকট্রোডস আমদানী নিরুৎসাহিত করতে ট্যারিফ কমিশনে আবেদন করলেও মুক্ত বাজার অর্থনীতির কারনে কোন প্রতিকার পাওয়া যায়নি।

কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম

কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম আশানুরুপ হয়নি কারন ঋনদানকারী সাউথইষ্ট ব্যাংকের সহিত জটিলতায় কাচামাল আমদানী বন্ধ থাকে।কোম্পানির উৎপাদিত পণ্যের বৃহৎ ভোক্তা হচ্ছে জাহাজ নির্মান শিল্প এবং গ্রীল প্রস্তুতকারী ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো।

জাহাজ নির্মাতাদের প্রচুর কাজ ছিল, তারা কোম্পানীর নিকট অর্ডার প্রদান অব্যাহত রেখেছিল। বাস্তবে এক চালান মাল গেলে পুর্বে চালানের মুল্য পরিমোধ ছিল একটি ধারাবাহিক পদ্ধতি কোম্পানীর পক্ষে ব্যাংকের অসহযোগিতার কারনে কাচামাল আমদানীতে বিলম্ব হলে অর্ডারকৃত মাল সরবরাহের অবর্তমানে পুর্বের বকেয়া পরিশোধ হতে বিরত থাকে। উল্টো তার লিনডে বাংলাদেশ লিঃ হতে বেশী দামে ওয়েলডিং রড ক্রয় করার দরুন আমাদের নিকট ক্ষতিপুরন দাবী করতে থাকে। ফলে বাজারে বকেয়া বৃদ্ধি করতে থাকে, সুদ আরোপের পর ব্যাংকের দেনা বাড়তে থাকে।

রিয়েল এষ্টেট খাত ওয়েলডিং রডের এক বড় ভোক্তা। তাদের ফ্লাট বিক্রি ও নির্মানের কাজ স্থবির হয়ে যাওয়ায় ব্যবহারের পরিমান কমতে থাকে। উপরোক্ত বিষয় ছাড়াও নিম্নোক্ত বিষয়াবলী ব্যবসার দারুন ক্ষতি করে।

ক) তিনটি নুতন কোম্পানী তাদের উৎপাদিত ওয়েলডিং রড বাজারজাত করনের লক্ষ্যে ব্যাপকভাবে বাকীতে মাল সরবরাহ করতে থাকে, ফলে অত্র কোম্পানীর বিক্রী ব্যাহত হয়।

খ) বহুজাতিক কোম্পানী তাদের বাজার ধরে রাখতে বাজারে প্রচুর বাকী দেয়। ফলে ইন্ড্রাস্ট্রিয়াল কনজুমার এবং ডিলারগন আমাদেন পাওনা পরিশোধের শর্ত হিসাবে পুনরায় মাল বাকীতে দেওয়ার প্রস্তাব করতে থাকে।

গ) ইন্ড্রাস্ট্রিয়াল অক্সিজেন গ্যাসের ব্যবসাটা ভালভাবেই চলছিল ।ক্যাপটিভ পাওয়ার প্লান্টে বরাদ্দের অতিরিক্ত ১০% গ্যাস ব্যবহৃত হয়েছিল, মুল্যও পরিশোধিত হয়েছিল তারপরও হঠাৎ করে ক্যাপটিভ পাওয়ারের গ্যাসের লাইনটি বিচ্ছিন্ন করে দিয়ে ছোট ক্যাপাসিটির জেনারেটর বসানোর নির্দেশ দেয়।

বাজারের বকেয়া উঠে আসতে বিলম্ব হওয়ার দরুন চলতি মুলধন চাহিদা বৃদ্ধি পেয়েছিল। বাজারে বকেয়ার পরিমান অত্যধিক বৃদ্ধি পেয়েছিল।

ক্যাপটিভ পাওয়ার জেনারেটরের বিনিয়োগটা স্থবির হয়ে গেছে কারন সরকার নীতিগত ভাবে ক্যাপটিভ পাওয়ারে পাকৃতিক সব গ্যাসের সরবরাহন বন্ধ রেখেছে। ফলে পিডিবির বিদ্যুৎ খরচ করে অক্সিজেন পান্ট চালানো বাজারে ব্যয়বহুল হওয়ার দরুন এ খাতেও আয় হ্রাস পায়।

প্রচ্ছন্ন রপ্তানী দেশে মাত্র দুটো প্রতিষ্ঠান ওয়েস্টার্ন মেরিন শীপ ইয়ার্ড ও আনন্দ শীপ ইয়ার্ড জাহাজ রপ্তানীতে নিয়োজিত আছে, যারা আপনাদের কোম্পানীর ভোল্টা মেরিন ও সুপার এন্ড প্লাস নামীয় ব্র্যান্ড দুটো এককভাবে ব্যবহার করেছিল।

ইউরোপের মার্কেটে মন্দার দরুন জাহাজ তৈরীর অর্ডার ছিল না। ইন্ডিয়া ও তানজানিয়াতে জাহাজ রপ্তানীর অর্ডার তাদের হাতে আছে।

উক্ত আমদানীকারকরা জাহাজ তৈরীর প্লেট ও ওয়েলডিং রড নিজেদের দেশ ও চায়না হতে তা সরবরাহ করায় দেশীয় ওয়েলডিং রড ব্যবহারের কোন সুযোগ ছিল না।

আয়ের উপর প্রভাব

বিগত বছরের বিশেষ সাধারণ সভায় কোম্পানীর সার্বিক অবস্থা খুবই নাজুক ছিল যা বলার অপেক্ষা রাখে না। এ বিষয়ে আপনাদের অবহিত করা হয়েছে।

ক) পুর্বের বছরের তুলনায় বিক্রি ৪৫.৮২% কম হয়েছে। বিক্রয়জনিত খরচ ও তুলনামুলকভাবে কমেছে। ২০১৫-১৬ অর্থ বছরে গ্রস প্রফিট ছিল ২২.৪০% যা ২০১৬-১ তে তা কমে ১৯.৩৩% এ দাড়ায়। বিক্রয় ও সরবরাহ খরচ ৪৪,৬৬৭,৩৪৮ টাকা হতে কমে ২৭,৮৭২,৯২৮ টাকা দাড়ায় যা মুলত: বিক্রয়ের পরিমান কমে যাওয়ার দরুন হয়েছে।

খ) যথাসাধ্য চেষ্টা সত্বেও ব্যাংক ঋণের বোঝা লাঘব করা যায়নি। বন্যার ক্ষতিজনিত ইন্সুরেন্স্ দাবী না পাওয়ায় নন পারফরমিং ঋণের সুদ কোম্পানীকে কাবু করে ফেলে। ২০০০ সালের বন্যার ক্ষতিবাবদ মামলা পরিচালনা করে ৭ বছর আদালত হতে রায় পাওয়া গেলেও বীমা কোম্পানী তা পরিশোধ না করে মাননীয় হাইকোর্টে আপীল দায়ের করে। কোম্পানীও ক্রস-আপীল দায়ের করেছে? বর্তমানে মামলা এডভোকেট প্রবীর নিয়োগী পরিচালনা করেছেন, শুনানীর জন্য অপেক্ষায় আছে। আশা করা যায় শিঘ্রই মামলাটি নিস্পত্তি হবে।

কোম্পানির ভবিষ্যৎ:

কোম্পানীর ইজিএম এ শেয়ার হোল্ডারগনের সিদ্ধান্ত বাস্তবায়নে চারটি চ্যালেঞ্জ ছিল।

প্রথমত: চট্রগ্রামের বন্ধকী প্রকল্প সম্পত্তি বিক্রি করা

দ্বিতীয়ত ঃ ব্যাংকের দায়-দেনা পরিশোধ করা

তৃতীয়ত ঃ নতুনভাবে বন্যা ঝুকিমুক্ত এলাকায় জমি ক্রয় করা।

চতুর্থত ঃ চট্রগ্রাম হতে কারখানার প্লান্ট এন্ড মেশিনারী নুতন কারখানায় স্থানান্তর করা।

উপরোক্ত চারটির মধ্যে প্রথম তিনটি চ্যালেঞ্জ সফলভাবে সমপন্ন করা হয়েছে। চতুর্থটির কার্যক্রম অব্যাহত আছে। বিদ্যুৎ লাইনের সংযোগের জন্য আবেদন করা হয়েছে, নিয়মিত তদারক করা হচ্ছে।

নিম্নলিখিত বিষয়াদি সফলভাবে নিশ্চিত করা গেলে ভবিষ্যৎ চ্যালেঞ্জ উত্তরন সম্ভব:

ক) ভোক্তা বান্ধব কোম্পানির ওয়েলডিং ইলেকট্রোডস সারাদেশে ব্যবহারকারীদের আস্থা অর্জন করেছে।

খ) উৎপাদন ক্ষমতার সহিত সঙ্গতি রেখে লজিস্টিকস্ এর আয়োজন রয়েছে।

গ) নতুনভাবে নিয়োগপ্রাপ্ত শ্রমিক,কর্মকর্তা, কর্মচারীগন উৎপাদন ও বিক্রয়ে নতুন উদ্যমে অংশ গ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে।
ঘ) মানঅনুমোদনকারী সংস্থা যথা লয়েড রেজিষ্ট্রার অব শিপিং, জার্মানীসচার লয়েড, ব্যুরো ভেরিটাস এবং রেজিষ্ট্রো ইটালিয়ানো নাভালে নতুন কারখানা পরিদর্শনপুর্বক মানের অনুমোদন দিতে আগ্রহ প্রকাশ করেছে।
ঙ) বহুজাতিক কোম্পানীর তৈরী জাহাজ নির্মান গ্রেডে ওয়েলডিং ইলেকট্রোডস এর সহিত আপনাদের কোম্পানীর উৎপাদিত একই জাতীয় ইলেকট্রোডস গুন ও মানে প্রতিযোগিতা করতে সক্ষম। নবাগতদের ক্ষেত্রে যা প্রায় অসম্ভব।
চ) বাংলাদেশে ইলেকট্রোডস এর বার্ষিক গড় প্রবৃদ্ধি প্রায় ১৫%। ইনডিপেনডেন্ট ম্যানুফেকচারার হিসাবে আপনাদের কোম্পানীর উৎপাদন ক্ষমতার পুর্ন ব্যবহার সম্ভব।আপনাদের কোম্পানি অন্যদের থেকে এগিয়ে থাকবে, ব্যাংক জটিলতা এড়ানোর সর্বোত্তম কৌশল অবলম্বন করা হবে।
ছ) নুতন কারখানায় অক্সিজেন প্লান্টটি স্থাপনের পর নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে পুর্ন উৎপাদন করে বাজারজাত করা সম্ভব হবে।
উপরের পদক্ষেপ হতে ফল পেতে নিম্নলিখিত হুমকিসমূহ দক্ষতা এবং সাহসিকতার সহিত মোকাবেলার প্রয়োজন দেখা দেবে।
জ) বহুজাতিক কোম্পানী সাধারণ ইলেকট্রোডস উৎপাদন করে বাজারে প্রাধান্য বিস্তার করে আছে। যা অন্যান্য স্থানীয় শিল্প সমুহ উৎপাদন করতে সক্ষম হয়। তাছাড়া পরিবেশকদের ঢালাও বাকীর মাধ্যমে বহুজাতিক কোম্পানী যে ব্যারিকেড সৃষ্টি করে রেখেছে,স্থানীয় কোম্পানী গুলো তা ভেঙ্গে ফেলতে সক্ষম হবে। এক্ষত্রে কিছুটা সময় লাগতে পারে।
ঝ) কম দামের চাইনিজ ফিনিশড ইলেকট্রোড বাজার সয়লাব করে দিচ্ছে যা স্থানীয় উৎপাদকদের হুমকির মুখে ঠেলে দিচ্ছে। স্থানীয় নির্মাতারা তা অনুধাবন করত: ব্যবহারকারীদের দ্বারে দ্বারে উপস্থিত হয়ে বিক্রয় বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখবে।
ঞ) কোম্পানির চলতি মূলধনের চাহিদা মেটাতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।
চ) কাঁচামালের দাম আন্তর্জাতিক বাজারে স্থিতিশীল আছে। মৌলিক কাঁচামালের আমদানি অব্যাহত থাকবে।

কৃতজ্ঞতা স্বীকার


আমি ধন্যবাদ জ্ঞাপন করছি নিয়ন্ত্রনকারী সংস্থা সমুহ যথা-বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, ইনভেষ্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ এবং সংশ্লিষ্ট সকলকে যারা এ কোম্পানীর পরিচালনায় সাহায্য ও সহযোগিতা প্রদান করেছেন।

ধন্যবাদ জ্ঞাপন করছি শিল্পটির চট্রগ্রামের জমির ক্রেতা বি.এস.আর.এম গ্রুপকে যারা জমি কেনার পরেও পর্যাপ্ত সময় দিয়েছেন প্লান্ট এন্ড মেশিনারী সেখান থেকে অপসারনের জন্য। আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি সাউথইষ্ট ব্যাংক কর্তৃপক্ষের নিকট যারা মর্টগেজকৃত জমিটি বিক্রি করার অনুমতি দিয়েছেন এবং ঋনের সুদ কিছুটা মওকুফ করে এককালীন পরিশোধের সুযোগ দানের জন্য।

আমি ধন্যবাদ জ্ঞাপন করছি সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবি স,ম, রেজাউল করিম এবং তার সহযোগীদের যারা সর্বোচ্চ আদালতে মামলা সমুহ পরিচালনা করে কোম্পানীকে আইনী জটিলতার হাত থেকে পরিত্রান করিয়েছেন।

আমি এই বলে ইতি টানছি যে, কোম্পানীর সকল পরিচালক, যারা পরিচালনা পর্ষদ ও বিভিন্ন কমিটি মারফত কোম্পানীকে দিক-নির্দেশনা প্রদান করেছেন। ধন্যবাদ জানাই কর্মকর্তা-কর্মচারী যারা কোম্পানীর দুঃসময়ে অক্লান্ত পরিশ্রম ও ধৈর্য ধারন করে কোম্পানীর গুনগত ও পরিমানগত পরিবর্তন সাধন করেছেন।

আমি আশাবাদী আপনারা আগামী দিনগুলোতেও আপনাদের সহযোগিতার হাত অবারিত রাখবেন।
সর্বশক্তিমান আল্লাহ আমাদের উপর তার অসীম দয়া ও রহমত বর্ষণ করুন।
সকলের প্রতি রইল শ্রদ্ধা ও ভালবাসা।



(মোঃ কামাল হোসেন গাজী)

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

প্রিয় শেয়ারহোল্ডারগন,

বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিমিটেডের পরিচালক মন্ডলী ৩০শে জুন সমাপ্ত ২০১৬-১৭ অর্থ বছরের নিরীক্ষিত হিসাবাদি কোম্পানীর এ ১৯ তম বার্ষিক সাধারন সভায় উপস্থাপন করার সুযোগ পেয়ে আনন্দিত। বার্ষিক এ রিপোর্টে রয়েছে নিরীক্ষিত ব্যালেন্সশীট, প্রফিট এন্ড লস একাউন্ট,ক্যাশ ফ্লো ষ্টেটমেন্ট এন্ড ষ্টেটমেন্ট অফ চেঞ্জেস ইন ইকুইটি এবং তার উপর অডিটরদের প্রতিবেদন যা আপনাদের বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

কোম্পানীর সার্বিক অবস্থা:

২০১৬-১৭ অর্থ বছরটি ছিল কোম্পানীর অস্তিত্ব রক্ষার এক মহা সংগ্রাম। গত ০৫ই ডিসেম্বর ২০১৬ তে অনুষ্ঠিত ইজিএম এ আপনারা যে সিদ্ধান্ত অনুমোদন করে ছিলেন তাতে মুখ্য বিষয় ছিল ;

ক) সাউথইষ্ট ব্যাংক লিঃ, বংশাল শাখা, ঢাকায় মর্টগেজকৃত কোম্পানীর চট্রগ্রামস্থ কারখানার ২.৪৯ একর জমি বিক্রি করত; ব্যাংকের দায়-দেনা সম্পুর্ন পরিশোধ।

খ) ঢাকার ধামরাই কিংবা আশে পাশের শিল্প এলাকায় কমপক্ষে ২.০০ একর জমি ক্রয় করত; তাতে চট্রগ্রামস্থ কারখানায় স্থাপিত প্লান্ট এন্ড মেশিনারী সরিয়ে এনে তাতে স্থাপন ও উৎপাদন চালু করা।

আপনাদের উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন যে এতটা দুরুহ হবে তা আগে অনুধাবন করা যায়নি। দেশের বিরাজমান পরিস্থিতিতে সাধারনভাবে নিস্কন্টক জমি বিক্রি করতে উপযুক্ত গ্রাহক ও মুল্য পাওয়া এক কঠিন কাজ। তার মধ্যে মর্টগেজকৃত বা ব্যাংকের নিকট বন্ধকী জমি ক্রয়ে ক্রেতাদের মধ্যে এক অজানা ভীতির সঞ্চার করে কারন ব্যাংকের পুর্বানুমতি ছাড়া এ ধরনের বন্ধকী জমি ক্রয়ে বিনিয়োগ অত্যন্ত ঝুঁকিপূর্ন।

এককালীন সম্পুর্ন দায়-দেনা পরিশোধ হবে এ প্রস্তাবের বিপরীতে ঋনদানকারী সাউথইস্ট ব্যাংক তাদের আইনগত অবস্থান তথা নিলামের মাধ্যমে কারখানা ও জমি বিক্রির কার্যক্রম কিছুটা শিথিল করে কোম্পানীকে মোট ৩ মাস সময় দেয়। চট্রগ্রামস্থ কারখানার জমির ক্রেতা খুঁজতে থাকায় বেশ কয়েকটি প্রতিষ্ঠান আগ্রহী হলেও এককালীন ব্যাংকের দেনা পরিশোধ করত; জমিটি ক্রয়ে অনাগ্রহ প্রকাশ করে। সর্বশেষ বি.এস.আর.এম গ্রুপ দামের ব্যাপারে দর কষাকষির এক পর্যায়ে একর প্রতি ১৫ কোটি টাকা প্রদানে অনড় থাকে। এদিকে কয়েকটি দৈনিক পত্রিকায় এই মর্মে রিপোর্ট প্রকাশিত হয় যে, কয়েকটি ব্যাংক চট্রগ্রাম অঞ্চলে ঋনের বিপরীতে বন্ধকী জমি বিক্রি করতে না পারায় কিছু প্রতিষ্ঠানের জমি ব্যাংক এর নিজ নামে রেজিষ্ট্রি করে নেয়। এহেন অবস্থায় সাউথইষ্ট ব্যাংক, আগ্রহী ক্রেতা বি.এস.আর.এম গ্রুপ এবং কোম্পানীর মধ্যে ত্রিপক্ষীয় আলোচনার ভিত্তিতে জমিটি বিক্রি নিশ্চিত হয়।

জমির ক্রেতা বি.এস.আর.এম গ্রুপ এককালীন সম্পুর্ন টাকা পরিশোধ করতে রাজী হলেও নিম্নোক্ত দুটি বিষয়ে বিপত্তির সৃষ্টি হয়।

প্রথমত: মোট জমি ২.৪৯ একরের মধ্যে ০.২৬ একর জমি সরকারের খাস খতিয়ানভুক্ত থাকায় কোম্পানীর নামে নামজারী না হওয়া পর্যন্ত সাব কবলা দেওয়া সম্ভব নয়।

দ্বিতীয়ত: শিল্প মন্ত্রনালয় যদিও ২.৪৯ একর জমি কোম্পানীর নামে সাব কবলা দলিল মুলে বিক্রি করে দিয়েছিল তবে সাব কবলা দলিলে জমিটি চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নিকট লীজভুক্ত বলে উল্লেখ ছিল। কাজেই জমিটি অন্যের নামে হস্তান্তর করতে চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের পুর্বানুমতি বাধ্যতামুলক হয়ে দাড়ায়। চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করলে তারা ২,২৬,০৬,৫০০ টাকা ফি প্রদান করত; হস্তান্তরের অনুমতি নিতে নির্দেশ দেন।

উপরোক্ত দুটি বিষয় অনিস্পন্ন রেখে কোম্পানীর নামে নামজারীকৃত ২.২৩ একর জমি বিক্রির বিষয়ে ১৩.০৬.২০১৭ ইং তারিখে কোম্পানীর সহিত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

স্বাক্ষরিত সমঝোতার আলোকে সাউথইষ্ট ব্যাংক তাদের মোট পাওনা বাবদ ৩০,৯৬,৭৭,৩৬২ টাকার বিপরীতে ২২,৫৭,১৪,০০০ টাকা গ্রহনে সম্মত হলে ক্রেতা প্রতিষ্ঠান উক্ত ২২,৫৭,১৪,০০০ টাকার একখানা পে-অর্ডার প্রাপ্ত হয়ে একই দিনে চট্রগ্রাম সাব রেজিষ্ট্রি অফিসে গিয়ে ব্যাংক কর্তৃপক্ষ মর্টগেজ অবমুক্ত করে জমির মুল দলিল ও আনুসাঙ্গিক কাগজপত্র ক্রেতা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করে। ফলে কোম্পানী সম্পূর্ণ ব্যাংক ঋন হতে দায় মুক্ত হয়।

চট্রগ্রাম কারখানার অপরিশোধিত গ্যাস বিল, বিদ্যুৎ বিল ও জমির খাজনা ইত্যাদি বাদে ৮,৬০,৬৬,৬৮৬ টাকা কোম্পানীর এসক্রো একাউন্টে জমা হয় যা ধামরাইয়ে জমি ক্রয়, ভূমি উন্নয়ন, প্রকল্প স্থাপনে ব্যবহার হয়। খাস খতিয়ানভুক্ত জমির নামজারী ও চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তি প্রাপ্তির পর ক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে ৫,৪১,৬১,০০০ টাকা পাওয়া যাবে।

জমি ক্রয়ের পুর্বে এসক্রো একাউন্ট এর টাকা উত্তোলনের উপর আদালত মারফত আটকাদেশ দেয়ার প্রচেষ্টা ও কোম্পানীর পদক্ষেপ সম্পর্কে মাননীয় চেয়ারম্যান মহোদয় তার প্রতিবেদনে বিস্তারিত উল্লেখ করেছেন বিধায় তার পুনরাবৃত্তি করা হলো না।

কোম্পানীর অপারেশনস্

আগেই উল্লেখ করা হয়েছে আলোচ্য বছর ২০১৬-১৭ কোম্পানীর জন্য একটি ক্রান্তিকাল ছিল। কোম্পানীর অস্তিত্ব হুমকির মুখে নিপতিত হয়েছিল। কাজেই পরিচালনা বিষয়টি গৌন হয়ে দাড়িয়েছিল। পরিস্থিতির সার্বিক পরিবর্তন আনয়নের প্রচেষ্টা চলছে, সামনের দিনগুলো ভাল হবে বলে আশা করা যায়।

ওয়েলডিং ইলেকট্রোডস এর উৎপাদন:

ওয়েলডিং ইলেকট্রোডস এর উৎপাদন গত বছরের তুলনায় ৩১.৪১% কম হয়েছে। বিগত ৫ বছরের ওয়েলডিং ইলেকট্রোডস এর উৎপাদনের তথ্যচিত্রের সংক্ষিপ্ত বিবরন নিম্নরুপ:

বছর	একক	২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩	২০১২
বাৎসরিক উৎপাদন ক্ষমতা	এমটি	৪৫০০	৪৫০০	৪৫০০	৪৫০০	৪৫০০*
উৎপাদন	এমটি	৭২৩	২১৩৬	২৯০৪	৩১৮১	৩২৭২
উৎপাদন ক্ষমতার ব্যবহার	%	১৬.০৬	৪৭.৪৭	৬৪.৫৩	৭০.৬৯	৭২.৭২

আন্তর্জাতিকমানের সার্টিফিকেশন সংস্থা যথা লয়েড রেজিষ্টার অব শিপিং, জামানিসচার লয়েড, ব্যুরো ভ্যারিটাস ও নাভালে ইতালিয়ানোর অনুমোদন অব্যাহত ছিল তবে কারখানা যেহেতেু নতুন স্থানে স্থাপিত হচ্ছে সেহেতু উপরোক্ত সংস্থা সমুহের পুন:পরিদর্শন প্রয়োজন হবে বিধায় তাদেরকে অবহিত করা হয়েছে।

ইন্ডাষ্ট্রিয়াল অক্সিজেনের উৎপাদন:

পুর্বের বছরের তুলনায় ৮.৪৭% কম হয়েছে মুলত একটি প্লান্ট অকেজো হওয়া এবং ক্যাপটিভ পাওয়ার উৎপাদনে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাওয়ার দরুন।

গত ৫ বছরের ইন্ডাষ্ট্রিয়াল অক্সিজেনের সংক্ষিপ্ত বিবরন নিম্নরুপ:

বছর	একক	২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩	২০১২
বাৎসরিক উৎপাদন ক্ষমতা	কি.মি	১০,৮০,০০০	২,৫৮০,০০০	২,৫৮০,০০০	২,৫৮০,০০০	২,৫৮০,০০০
উৎপাদন	কি.মি	৩,৭৭,৮৭২	১,১২০,৯৬৩	১,৪৩২,০৩৬	১,৫৩৬,২৫৫	১,০৮৫,০৮৭
উৎপাদন ক্ষমতার ব্যবহার	%	৩৪.৯৮	৪৩.৪৫	৫৫.৫০	৫৯.৫৪	৪২.০৬

গত বছরের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল যে ১৯৮৬ সালে তৈরী চায়নিজ একটি অক্সিজেন প্লান্ট কোম্পানী ২০০০ সালে পুরাতন হিসাবে ক্রয় করেছিল যা পরিচালনা করতে একদিকে অতিমাত্রায় বিদ্যুৎ খরচ হয় অন্যদিকে ঘন ঘন রক্ষনাবেক্ষন করতে গিয়ে প্রতি ইউনিট উৎপাদনে যে ব্যয় হয় তা বাজার দরের অর্ধেক। ফলে উক্ত প্লান্টটি বিগত ৩ বছর বন্ধ থাকার পর এমনিতেই অকেজো অবস্থায় রয়েছে যার অপসারনও ব্যয় সাপেক্ষ।

বিক্রয়:

সঙ্গত কারনেই কাঁচামাল আমদানীর অবর্তমানে বিক্রয় কমে গিয়েছিল। যতটুকু উৎপাদন ও বিক্রি হয়েছে তা বিভিন্ন ভাবে অন্যের মাধ্যমে আমদানীকৃত কাচামালের উপর নির্ভরশীল ছিল। ক্যাপটিভ গ্যাসের লাইন বিচ্ছিন্ন হওয়ার পর ইন্ডাষ্ট্রিয়াল অক্সিজেনের উৎপাদন বন্ধ করতে হয় কারন পিডিবির বিদ্যুৎ দিয়ে উৎপাদন ব্যয় বিক্রয়মুল্যের বেশী হয়ে দাড়িয়েছে ছিল।

আর্থিক ফলাফল:

নিম্নে আর্থিক ফলাফলের চিত্র তুলে ধরা হলো:

বিবরন	২০১৬-১৭	২০১৫-১৬
রেভিনিউ	৪১,৬১১,৬৫৯	১৯৯,৬৩৮,৮৬০
বিক্রিত পন্যের ব্যয়	৩৩,৫৮০,৯৮২	১৪৮,৭২৩,৭৫৩
মোট লাভ	৮,০৩০,৬৭৭	(৮৪,৯৯৮,৬৭৬)
পরিচালনা ব্যয়	২৭,৮৭২,৯২৮	৭১,৮৩২,৭৪৮
অ-পরিচালন আয়	৩৩,২৮৯,৪৭৮	৩৭৪,২৪৭
কর-পুর্ব মুনাফা (কারখানার জমি বিক্রির টাকা অন্তর্ভুক্ত)	২৭০,৫২০,৬৮৫	(১৪৭,২৫১,৮৩৭)

চলতি মুলধন ব্যবস্থাপনা :

প্রতিযোগিতামুলক বাজারে ওয়েলডিং ইলেকট্রোডস এর সিংহ ভাগ নিয়ন্ত্রনে রয়েছে একটি বহুজাতিক কোম্পানী । যারা বাজারে তাদের উৎপাদিত পন্য বাকীতে সরবরাহ করে থাকে। ফলে অন্যদেরকেও বাকীতে সরবরাহ করতে হয়। একচালান মাল সরবরাহ করলে পুর্বের চালানের বাকী আদায় হয় । যেহেতু কোম্পানীর উৎপাদন ও সরবরাহ বিঘ্নিত হয় সেহেতু বাজারের বাকী আদায় অনিশ্চিত হয়ে পড়ে। চলতি মুলধন সংকট তীব্র হয়।

ব্যবস্থাপনায় উদ্বেগ:

কোম্পানীর পরিচালনা পর্ষদ বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করে উত্তরনের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান অব্যাহত রাখে। তবে কোম্পানীর ব্যাংকের দায়-দেনা সম্পুর্ন পরিশোধ হওয়ায় নুতন করে ঋনদানকারী ব্যাংক নির্বাচন এবং ঋন মঞ্জুরীর বিষয়ে পদক্ষেপ গ্রহন করা হবে। কারন শতভাগ আমদানী নির্ভর কাচামালের উপর প্রতিষ্ঠিত এ শিল্পটি পরিচালনা ব্যাংক ঋন ছাড়া প্রায় অসম্ভব। তবে নুতন ঋন প্রাপ্তিতে কোম্পানীর নুতন ঠিকানায় ভ্যাট নিবন্ধন, আমদানী সনদ এবং পরিবেশ ছাড়পত্র নুতন করে সংগ্রহের পদক্ষেপ গৃহীত হয়েছে। প্রতিটি ক্ষেত্রে চট্রগ্রাম হতে কার্যক্রমের ফাইল ঢাকাতে নুতন ঠিকানা মতে স্থানান্তরে বিভিন্ন আইনী জটিলতা মোকাবেলা করতে হচ্ছে।

ক্রেডিট রেটিং:

বিষয়টি মুলত; ব্যাংক হতে ঋন গ্রহনের ক্ষেত্রে প্রযোজ্য। তা ঋনদানকারী ব্যাংকের অনুরোধে করানোর জন্য পদক্ষেপ নেওয়া হবে।

জাতীয় রাজস্বে অবদান:

৩০ শে জুন সমাপ্ত ২০১৬-১৭ অর্থ বছরে জাতীয় রাজস্বে অবদান ছিল ২,২০৪,১৩৯ টাকা যা পুর্ববর্তী বছরে ছিল ২৪,৪৪০,৭৬২ টাকা। ব্যাংক ঋন জটিলতার কারনে কাঁচামাল আমদানী এবং উৎপাদন উভয়ই কম হয়েছে। বিগত বছরের তুলনায় সরকারী রাজস্ব ব্যাপকভাবে হ্রাসপেয়েছে।

বিবরন	*২০১৬-১৭*	*২০১৫-১৬ টাকা*	*২০১৪-১৫ টাকা*	*২০১৩ টাকা*	*২০১২ টাকা*
মুল্য সংযোজন কর	১,৬৬০,৩২	১৭,১৯১,০৮৯	৪৯,৬৭৩,১৬৫	৫৭,৭৪৭,১০৭	৫৫,৭১৪,১০৭
আমদানী শুল্ক এবং কর	১,২৭৪,৩০১	৬,৪১৬,৪২২	১৩,৩০৬,১৯২	১৪,৯৩৬,৬৬২	১২,৮৪৩,০১৭
অগ্রীম আয়কর	৭,৬৩,৮০৬	৮৩৩,২৫১	৩,৩২৬,৫৪৮	৫,৪৭২,০৩৪	৮,৬৯৩,৯৫১
মোট	২,২০৪,১৩৯	২৪,৪৪০,৭৬২	৬৬,৩০৫,৯০৫	৮০,০০৮,৩৮৪	৭৭,২৬৬,৮০১

আয়কর সংক্রান্ত রিপোর্ট:

কোম্পানী প্রতি বছর যথা সময়ে আয়কর রিটার্ন দাখিল করলেও কর নিরুপন নিয়ে জটিলতা চলতে থাকে। ধার্য্যকৃত করের বিপরীতে আপিল ট্রাইবুনাল ও হাইকোর্টে দায়েরকৃত মামলা সমুহ অসমাপ্ত থাকা অবস্থায় হঠাৎ করে ০৬-০৭-২০১৭ ইং তারিখে উপ-কর কমিশনার মহোদয়ের অফিস কর বর্ষ ১৯৯৪- ৯৫ হতে ২০১৪-১৫ পর্যন্ত ১৮,৪৬,৩৫,১৭৫ টাকার এক বিশাল দাবি নামা পেশ করেন এবং কোম্পানীর সকল ব্যাংক একাউন্ট জব্দ করেন। বিষয়টি কোম্পানীর নিকট বিনা মেঘে বজ্রপাত হিসাবে অবিভূত হয়। কোম্পানীর আয়কর উপদেষ্টার পরামর্শে নিম্নোক্ত বিষয়াদি উল্লেখ করে কর কমিশনের নিকট তা দাখিল করা হয়।

ক) আদালতে বিচারাধীন দাবীকৃত আয়কর :

কর বর্ষ	১৯৯৭-১৯৯৮	হাইকোর্টে বিচারাধীন	টা:	৫০,১৫,২১৪/-
কর বর্ষ	১৯৯৮-১৯৯৯	হাইকোর্টে বিচারাধীন	টা:	৯৪,২৫,৪০০/-
কর বর্ষ	১৯৯৯-২০০০	হাইকোর্টে বিচারাধীন	টা:	৩২,০৫,১৫০/-
কর বর্ষ	২০০০-২০০১	হাইকোর্টে বিচারাধীন	টা:	১৩,০৯,৬১৩/-
		মোট	*টা:*	১,৮৯,৫৫,৩৭৭/-

খ) দাবীকৃত নিম্নোক্ত কর বর্ষ সমুহ যথা

করবর্ষ		নিরীক্ষিত ব্যালেন্স শীট অনুযায়ী প্রদেয় আয়কর	অগ্রিম আয়কর প্রদান করা হয়েছে	কোম্পানী কর্তৃক প্রদেয় আয়কর	সার্কেল কর্তৃক নিরুপিত আয়কর
২০১০-২০১১	টা:	৪৮,২০,৪৬৭/-	১৪,৫৭,৭২৩/-	৩৩,৬২,৭৪৪/-	২,৭৭,৭০,৬১৮/-
২০১১-২০১২	টা:	৮৫,৭১,১৪১/-	১১,৪৮,২৬৯/-	৭৪,২২,৮৭২/-	৩,২২,৮০,৭০৫/-
২০১২-২০১৩	টা:	৯৫,০৪,৪৫৮/-	৪৬,১২,৩৪৪/-	৪৮,৯২,১১৪/-	৪,২৮,১৮,৬৮৬/-
২০১৩-২০১৪	টা:	৮২,৫৫,১৭৯/-	৬৬,১৫,৮৩২/-	১৬,৩৯,৩৪৭/-	১,৯৭,৩১,১৩২/-
মোট	*টা:*	*৩,১১,৫১,২৪৫*	*১,৩৮,৩৪,১৬৮/-*	*১,৭৩,১৭,০৭৭/-*	*১২,২৬,০১,১৪১/-*

উপরোক্ত ১২,২৬,০১,১৪১/- টাকার বিপরীতে ট্রাইবুনালে দাখিলের জন্য আপীলের রায়ের সার্টিফাইড কপির জন্য নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন করা হয়েছে, যা প্রাপ্তীর অপেক্ষায় ??????

গ) আয়কর দপ্তর হতে ১৩৫ ধারায় প্রত্যার্পন নোটিশ পর্যালোচনা করে দেখা যায় যে,

করবর্ষ	অগ্রিম আয়কর সমন্বিত হয়েছে।	অগ্রিম আয়কর বাদে ১৩৫ ধারায় দাবী নামা হওয়া উচিৎ ছিল।	তাগাদা পত্র অনুযায়ী দাবী নামা দাখিল করা হয়েছে।
২০১০-২০১১	১৪,৮৬,১৯১/-	২,০২,৮৩,৫০৮/-	২,৭৭,৭০,৬১৮/-
২০১১-২০১২	১১,১২,৬৭৫/-	২,৩৪,৪৫,১৩৬/-	৩,২২,৮০,৭০৫/-
২০১২-২০১৩	৩৭,৩৪,২৮২/-	৩,৩২,৪৯,৪২৭/-	৪,২৮,১৮,৬৮৬/-
২০১৩-২০১৪	৬৩,৯৬,৩৪৩/-	১,৯৯,০৬,১৩২/-	১,৯৭,৩১,১৩২/-
মোট	*১,২৭,২৯,৪৯১/-*	*৯,৬৮,৮৪,২০৩/-*	*১২,২৬,০১,১৪১/-*

কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে সার্বিক বিষয় পর্যালোচনা করে মাননীয় কর কমিশনার এক কালীন ৫৭,২৮,৩৩০ টাকা প্রদানের নির্দেশ দিলে তা তাৎক্ষনিকভাবে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করা হয় এবং কোম্পানীর ব্যাংক হিসাব সমূহ হওয়ার আওতা বহির্ভূত হয়।

ডিবেঞ্চার:

ডিবেঞ্চারের টাকা পরিশোধ চলা অবস্থায় মেয়াদ অতিক্রান্ত হওয়ার পুর্বেই পাঁচটি প্রতিষ্ঠানিক ডিবেঞ্চার হোল্ডার মোট ৯১.৬৮ লক্ষ টাকা আদায়ের জন্য অর্থঋন আদালতে ২০০৬ সালে মামলা দায়ের করেন। মামলার তায়দাদ বাবদ উক্ত ৯১.৬৮ লক্ষ টাকা পরিশোধ করার পর মামলা চলাকালীন সময়ের সুদ ও মামলা খরচ বাবদ অতিরিক্ত ১১৩.০০ লক্ষ টাকা আদায়ের একটি জারী মামলা দায়ের করেন। উক্ত জারী মামলাটি আই.সি.বি যেহেতু ডিবেঞ্চারের ট্রাষ্টি হিসাবে নিয়োগপ্রাপ্ত ছিল সেহেতু আই.সি.বির সহিত আলোচনা করে এককালীন ১০ লক্ষ টাকা পরিশোধ করত; কিস্তির আবেদন করলে তা ১৮টি কিস্তিতে পরিশোধের সুযোগ পাওয়া যায়। কোম্পানীর আবেদন ছিল মামলাটি প্রত্যাহার পুর্বক কিস্তি পরিশোধের সুযোগ দান। বাস্তবে পর পর ৩টি কিস্তি বাবদ ১৭.১৬ লক্ষ টাকা দেওয়ার পরেও আইনগত জটিলতার কারনে মামলাটি প্রত্যাহার না হওয়ায় তা আদালতে চলমান আছে। তবে বিষয়টি দ্রুত নিস্পত্তির প্রচেষ্টা চলছে।

বীমা দাবী:

উপুর্যপুরী পাহাড়ী ঢল, ভারী বর্ষন ও আকস্মিক বন্যার দরুন চট্রগ্রামস্থ কারখানাটি পরিপুর্নভাবে পরিচালনা করা সম্ভব হয়নি। প্রথম ২০০৬ সালের জুন মাসের বন্যাটি ব্যাপক ক্ষতিসাধন করে। এ বন্যাটি সংগঠিত হয়েছিল ১৯৯৯ সালের শেষ দিকে আই.পি.ও বাবদ ৫ কোটি টাকা উত্তোলনের পর পরই । বীমা কোম্পানী ফেডারেল ইন্সুরেন্স বীমা দাবীটি নাকচ করে দিলে ২০০১ সালে আদালতে মামলা করা হয়? সুদীর্ঘ ৭ বছর মামলাটি পরিচালনার পর ২০০৮ সালের ডিসেম্বর মাসে ঢাকা জেলা জজ আদালত হতে ২,০২,৯৫,৭৬০ টাকার একটি রায় ঘোষিত হয়। বীমা কোম্পানী উক্ত টাকা পরিশোধ না করে হাইকোর্টে আপীল করলে উচ্চ আদালত ৫০% টাকার ব্যাংক গ্যারান্টি বিচারিক আদালত বরাবর দাখিলের নির্দেশ দেন। যেহেতু বিচারিক আদালত ঘোষিত রায়ে কোম্পানীর প্রাপ্য সুদ প্রদান করেন নি সেহেতু প্রয়াত অ্যাটর্নী জেনারেল এডভোকেট মাহমুদুল ইসলামের নেতৃত্বে ২০০৮ সালে একটি ক্রস আপীল দায়ের করা হয়। মামলাটি বিজ্ঞ আইনজীবি প্রবীর নিয়োগীর তত্বাবধানে রয়েছে যা শুনানীর অপেক্ষায় আছে। ২০১৫ সালের জুলাই মাসে একটি বন্যার ক্ষতিজনিত ২২৮.৮৪ লক্ষ টাকার বিপরীতে সার্ভেয়র কর্তৃক সুপারিশকৃত বীমা দাবী ৯৬.৮৫ লক্ষ টাকা দেশ জেনারেল ইন্সুরেন্স এর নিকট অপরিশোধিত অবস্থায় আছে। পুন:বীমাকারী প্রতিষ্ঠান সাধারন বীমা কর্পোরেশন হতে ছাড়পত্র পেলে তা কোম্পানী প্রাপ্ত হবে।

ইন্ডাষ্ট্রি প্রবলেম

ক) আপনাদের কোম্পানী যে পন্য অর্থাৎ ওয়েলডিং ইলেকট্রোডস উৎপাদন করে তা একদিকে উৎপাদনে যেমন বিদ্যুৎ লাগে অন্যদিকে যারা ভোক্তা তাদেরও তা ব্যবহার করতে বিদ্যুৎ লাগে। দেশের সার্বিক বিদ্যুৎ পরিস্থিতি উন্নতি হওয়ায় পুর্বের তুলনায় অনেক সম্ভানার সৃষ্টি হয়েছে। কাজেই ইন্ডাষ্ট্রি পরিচালনায় সমস্যা অনেকটা লাঘব হলেও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ এখনো নিশ্চিত হয়নি। ফলে গ্রামীন অঞ্চলের ইলেকট্রোড ব্যবহারকারীগন সমস্যায় আছে যা প্রকারান্তে কোম্পানী বিক্রিতে নেতিবাচক প্রভাব ফেলছে।

খ) নুতন সমস্যার সৃষ্টি হয়েছে চায়না হতে কমদামে বিপুল পরিমান ওয়েলডিং ইলেকট্রোড আমদানী হচ্ছে। অবিশাশ্য হলেও সত্য যে, যে দামে কাচামাল কিনতে হয় প্রায় সমদামে ফিনিসিড ইলেকট্রোডস আমদানী হচ্ছে।

গ) কোম্পানীর নিজস্ব ক্যাপটিভ পাওয়ার প্লান্ট থাকার পরেও প্রাকৃতিক গ্যাসের সংযোগ বন্ধ থাকায় তা দিয়ে বিদ্যুৎ উৎপাদন করা যাচ্ছে না। ফলে কোম্পানীর বিনিয়োগ বোঝা হয়ে দাড়িয়েছে।

ঘ) আন্তর্জাতিক বাজারে কাঁচামালের দাম দীর্ঘদিন স্থিতিশীল থাকার পরে তা এখন উর্ধ্বমুখী হয়ে উঠছে। আনুপাতিক হারে দাম বৃদ্ধি করা যাচ্ছে না কারন বিকল্প হিসেবে চায়নিজ ইলেকট্রোডস ভোক্তাদের হাতের নাগালে রয়েছে।

সমস্যার সমাধান:

১) নিরবিচ্ছিন্ন বিদ্যুতের একমাত্র সমাধান ক্যাপটিভ পাওয়ার প্লান্ট। যতদিন পর্যন্ত এল.এন.জি আমদানী ও সরবরাহ নিশ্চিত না হয় ততদিন পর্যন্ত ক্যাপটিভ পাওয়ার প্লান্টে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা সমিচীন বলে প্রতীয়মান হয়।

২) ট্যারিফ কমিশন কার্যকর পদক্ষেপ নিলে চায়নিজ পন্যের সয়লাব হতে স্থানীয় উৎপাদকগন টিকে থাকতে পারবে।

কোম্পানীর মানব সম্পদ:

গত বছরে আপনাদের অবহিত করা হয়েছিল যে, নিয়ন্ত্রন সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের এর মামলায় ব্যবস্থাপনা পরিচালক সাজাপ্রাপ্ত হয়ে জেলে গেলে কোম্পানীর প্রায় ৭৫% জনবল কোম্পানী ত্যাগ করে। এদের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তারা নানাভাবে কোম্পানীর তহবিল তছরুপে জড়িত হওয়ায় তাদেও বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করতে হয়েছে। কারখানার জমি ক্রেতা প্রতিষ্ঠানের বরাবরে হস্তান্তরের পর কারখানাস্থ সকল কর্মকর্তা কর্মচারীদেরকে একযোগে সম্পুর্ন পাওনা পরিশোধ করত; বিদায় করতে হয়েছে। স্বল্প সংখ্যক কর্মকর্তা কর্মচারী কোম্পানীতে কর্মরত আছেন। উৎপাদন শুরুর প্রাক্কালে দক্ষ ও অভিজ্ঞ শ্রমিকদের পুন:নিয়োগ প্রদান করতে হবে। তবে যারা কোম্পানীর সহিত বিভিন্ন ষড়যন্ত্র, প্রতারনা এবং বিশ্বাস ভঙ্গের সহিত জড়িত ছিল তাদের চলে যাওয়ায় কোম্পানী ভারমুক্ত এবং জঞ্জালমুক্ত হয়েছে। নুতন নিয়োগে যারা আসবেন তারা কোম্পানীর জন্য মঙ্গলজনক হবে বলে আশা করা যায়।

ডিভিডেন্ড :

গত ৫ ডিসেম্বর ২০১৬ তে সম্মানিত শেয়ারহোল্ডারগনের সম্মতি প্রাপ্তির পর চট্রগ্রাম কারখানার জমি বিক্রি আয়োজন শুরু হয় যার একটি যৌক্তিক সমাপ্তি ঘটে ১৩ জুন ২০১৭ ইং তারিখে। ব্যাংকের ঋনগুলো শ্রেনীকৃত হওয়ার দরুন কাচামালের এল.সি খোলা বন্ধ হয়ে যায়। তাছাড়া জমি বিক্রির পর উৎপাদনও বন্ধ করতে হয়। ফলে কোম্পানী পরিচালনা মুনাফা অর্জনে অপারগ হয়। পরিচালনা পর্ষদের সম্পুর্ন সদিচ্ছা থাকা সত্বেও ২০১৬-১৭ অর্থ বছরের জন্য কোন ডিভিডেন্ড এর সুপরিশ করেননি।

কোম্পানীর পরিচালকদের অবসর এবং পুন:নিয়োগ:

কোম্পানীর আর্টিকেল অব এসোসিয়েশনের ১২১ ধারা মোতাবেক প্রতিটি বার্ষিক সাধারন সভায় এক-তৃতীয়াংশ পরিচালক অবসরে যাওয়ার বিধান রয়েছে। সে মতে নিম্নোক্ত পরিচালক বৃন্দ এই বার্ষিক সাধারন সভায় অবসরে যাবেন।

১) জনাব মোঃ জাকির হোসেন খান

২) এডভোকেট এ.এইচ.এম. রিয়াজুল ইসলাম আজাদ।

অবসর গ্রহনকারী পরিচালকগন আর্টিকেল অব এসোসিয়েশনের ১২৩ ধারা মোতাবেক পুন:নিয়োগ পাওয়ার যোগ্য। অবসর গ্রহনকারী পরিচালকগন পুন:নিয়োগ প্রাপ্তির জন্য সম্মতি জ্ঞাপন করেছেন।

গত ০৫.১২.২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভার পরে জনাব মোঃ কামাল হোসেন গাজী এবং জনাব মোঃ জাকির হোসেন খান ইনভেষ্টমেন্ট কর্পোরেশন কর্তৃক অত্র কোম্পানীর পরিচালনা পর্ষদে মনোনীত হয়েছেন।কোম্পানীর পরিচালনা পর্ষদ উনাদেরকে পরিচালক হিসেবে নির্বাচিত করেছেন। কোম্পানীর এ বার্ষিক সাধারন সভায় জনাব মোঃ কামাল হোসেন গাজী এবং জনাব মোঃ জাকির হোসেন খান এর নিয়োগ অনুমোদনের জন্য পেশ করা হলো।

কোম্পানীর অডিটর নিয়োগ:

বার্ষিক এ সাধারন সভায় অডিটর মেসার্স মাহফিল হক এন্ড কোম্পানীর তিন মেয়াদ শেষ হচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধান মতে কোন অডিটর তিন মেয়াদের বেশী নিয়োগ প্রাপ্ত হবেন না। সে মতে নুতন অডিট ফার্ম নিয়োগের প্রশ্ন এসেছে।বি.এস.ই.সির তালিকাভুক্ত এ- ক্যাটাগরির অডিট ফার্ম মেসার্স ম্যাবস্ এন্ড জে পার্টনার, ৩৩ কামাল আতার্তুক এভিনিউ,এস.এম.সি টাওয়ার, (অষ্টম তলা), বনানী, ঢাকা আপনাদের কোম্পানীর অডিট কার্যক্রম সম্পাদনে সম্মত হয়েছে। এ অডিট ফার্মের ফি তুলনামুলকভাবে খুবই বেশী। পরিচালনা পর্ষদ আলোচনার মাধ্যমে তা কোম্পানীর সাধ্যের মধ্যে নির্ধারনের চেষ্টা করবে। এ নিয়োগ আপনাদের অনুমোদনের জন্য পেশ করা হলো।

একাউন্টস এর উপর অডিটরের কোয়ালিফিকেশন:

অডিটরগন তাদের রিপোর্টে নিম্নোলিখিত বিষয়াদির উপর পর্যবেক্ষন দিয়েছেন। এ বিষয়ে কোম্পানীর মন্তব্য/বক্তব্য নিম্নে তুলে ধরা হলো:

১। প্লান্ট এন্ড মেশিনারীর ইমপেয়ারমেন্ট টেষ্ট এর ব্যাপারে বক্তব্য হলো যেহেতু পুরো যন্ত্রপাতি চট্রগ্রাম কারখানা হতে ঢাকার নুতন কারখানায় পুন:স্থাপন করা হয়েছে, সেহেতু তা চালু করার পর এ টেষ্ট টি সম্পন্ন করা হবে।

২। কারখানার যন্ত্রপাতি ও অন্যান্য সামগ্রী চট্রগ্রাম হতে ঢাকায় স্থানান্তরের নিমিত্তে খোলা অবস্থায় অগোছালো হয়ে পড়লে সম্ভবত: তার গননা হিসাবের খাতার সহিত হেরফের হয়ে থাকতে পারে। তবে দীর্ঘ দিনের গচ্ছিত, বন্যায় ক্ষতিগ্রস্থ মালামাল এমনিতেই অগনন যোগ্য হয়ে পড়েছিল। তবে সার্বিক বিষয় বিবেচনায় নিয়ে পুঞ্জীভুত অকেজো ,উৎপাদন অযোগ্য মালামালের বিপরীতে প্রভিশন করা হয়েছে, যার তালিকা একটি অডিটরদের প্রদান করা হয়েছিল।

৩। ডেফার্ড ট্যাকস্ এর ব্যাপারে বক্তব্য হলো যতক্ষন পর্যন্ত কোম্পানীর সম্পদের বিক্রি সম্পন্ন না হচ্ছে ততক্ষন পর্যন্ত তা স্থায়ী ভাবে বিবেচনার সুযোগ সীমিত। তাই ভ্যালুয়ার কর্তৃক ভ্যালুয়েশনকৃত সম্পত্তির রিজার্ভের উপর আয়কর কর্তৃপক্ষের করহার অনুযায়ী প্রভিশন করা হয়েছে।

৪। ডিভিডেন্ড যেটা অপরিশোধিত রয়েছে তার বিপরীতে কারো কোন অভিযোগ পাওয়া যায় নাই। যখন যে দাবী নিয়ে আসছে তখন তা পরিশোধ করা হচ্ছে।

কর্পোরেট গভর্নেন্স :

বলার অপেক্ষা রাখে না যে, কোম্পানীর দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য কর্পোরেট গভর্নেন্স এর ভুমিকা অপরিসীম। বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর পরিচালনা পর্ষদ এ ব্যাপারে যথাযথ দিক নির্দেশনা এবং নজরদারী অব্যাহত রাখছেন। আলোচ্য বছরে যেহেতু কোম্পানীটির ব্যবসাস্থল চট্রগ্রামহতে ঢাকায় স্থানান্তর প্রক্রিয়াধীন আছে এবং কর্মকর্তা কর্মচারীদের ব্যাপক একটি অংশ কোম্পানী ত্যাগ করে অন্যত্র চলে গেছে সেহেতু সার্বিক বিষয়ে জনবল সংকট সৃষ্টি হয়েছে। তারপরেও কর্পোরেট গভর্নেন্স সংক্রান্ত বিষয়াদি অত্যন্ত গুরুত্বের সঙ্গে প্রতিপালন করা হয়েছে। সর্বোপরি শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষনে সজাগ দৃষ্টি রেখেছে।

পরিচালকগনের দায়িত্বসমুহের বিবরনী:

বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর পরিচালকবৃন্দ প্রযোজ্য আইন ও বিধিবিধান অনুযায়ী ৩০ জুন ২০১৭ সমাপ্ত বছরের বার্ষিক প্রতিবেদন ও আর্থিক বিবরনী সমুহ প্রস্তুতি পর্বে যতদুর সম্ভব পর্যালোচনা করা হয়েছে।

বাংলাদেশ একাউন্টিং ষ্ট্যান্ডার্ড (BAS), বাংলাদেশ ফিনান্সিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড (BFRS) কোম্পানীজ অ্যাক্ট ১৯৯৪ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ রুলস্ ১৯৮৭, ঢাকা ও চট্রগ্রাম ষ্টক এক্সচেঞ্জ এর বিধি বিধান অনুযায়ী আর্থিক বিবরনী সমুহ প্রস্তুত করতে হয়। কোম্পানী আইনের অধীনে পরিচালকবৃন্দ অবশ্যই কোম্পানীর হিসাবাদি অনুমোদন করবে না, যদি না তারা এই মর্মে সন্তুষ্ট হন যে, আর্থিক বিবরনী কোম্পানীর আলোচ্য বছরের কার্যক্রম, মুনাফা/ক্ষতির অবস্থা একটি প্রকৃত ও স্বচ্ছ চিত্র তুলে ধরে।

পরিচালকবৃন্দ আর্থিক বিবরনীসমুহের প্রস্তুতি ও সুষ্ঠু উপস্থাপনার ব্যাপারে আইনগতভাবে দায়বদ্ধ; বাংলাদেশ ওয়েলডিং ইলেকট্রোডস লিঃ এর ২০১৭ সালের ৩০ শে জুন অবধি আর্থিক অবস্থা বিবরনী ও নগদ অর্থ প্রবাহের বিবরনী, ইকুইটি পরিবর্তনের বিবরনী ও অন্যান্য ব্যাখামুলক টীকা সমুহের সার সংক্ষেপ এবং সংশ্লিষ্ট সংক্ষেপিত আর্থিক বিবরনী সমুহ নিয়ে উক্ত আর্থিক বিবরনীসমুহ গঠিত।

বাংলাদেশ সিকিউরটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং BSEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 07 August 2012 এর আলোকে আমরা যতদুর অবগত রয়েছি, এবং প্রযোজ্য প্রতিবেদন প্রস্তুত নীতি অনুযায়ী, সংক্ষেপিত আর্থিক বিবরনী সমুহ নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করার লক্ষ্যে প্রস্তুত এবং উপস্থাপন করা হয়েছেঃ

- এই বিবরনীসমুহে বাস্তবিকভাবেঅসত্য কোন তথ্য নেই অথবা এ থেকে কোন গুরুত্বপুর্ন তথ্য বাদ দেওয়া হয়নি অথবা বিভ্রান্তি ঘটাতে পারে এরকম কোন তথ্য নেই।
- এই বিবরনীসমুহ একত্রিতভাবে কোম্পানীর সামগ্রিক কার্যক্রমের অবস্থা সম্পর্কে একটি সত্য ও স্বচ্ছ চিত্র তুলে ধরে এবং তা বিদ্যমান হিসাবরক্ষন বিধিমালা ও প্রযোজ্য আইনসমুহের সাথে সঙ্গতিপুর্ন।
- আলোচ্য বছরে আমাদের জানা মতে কোম্পানী কর্তৃক এমন কোন লেনদেন করা হয়নি যা প্রতারনামুলক, বে-আইনী অথবা কোম্পানীর আচর-নবিধির পরিপন্থী। কোম্পানীর নিরীক্ষকবৃন্দ কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরনী সমুহের সংশ্লিষ্ট সকল আর্থিক রেকর্ডসমুহ যথাযথ ভাবে নিরীক্ষা করেছেন এবং যা বার্ষিক প্রতিবেদেনে তা উল্লেখ করা হয়েছে।

কৃতজ্ঞতা জ্ঞাপন:

পর্ষদ সবিনয়ে ধন্যবাদ জানাচ্ছে নিয়ন্ত্রনকারী সংস্থা সমুহ যথা-বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ইনভেষ্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এবং সংশ্লিষ্ট সকলকে যারা এ কোম্পানীর পরিচালনায় সাহায্য ও সহযোগিতা প্রদান করেছেন।

কোম্পানীর পচিালনা পর্ষদ আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ লিঃ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এর নিকট যিনি কোম্পানীর চট্রগ্রামস্থ জমি বিক্রিতে প্রয়োজনীয় সহযোহিতা এবং দিকনির্দেশনা প্রদান করেছেন। আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে সে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে যারা চট্রগ্রামস্থ কারখানার জমি ক্রয়ে আগ্রহ প্রকাশ করেছিলেন। গভীর শ্রদ্ধা ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে বি.এস.আর,এম গ্রুপের মাননীয় চেয়ারম্যানের প্রতি যিনি ঋনদানকারী ব্যাংকের সহিত আলাপ আলোচনা করে কারখানার জমি ক্রয় নির্ঝনজাট করেছিলেন।

পর্ষদ আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছে সকল কাষ্টমার, দেশ ও বিদেশের কাচামাল সরবরাহকারী, কোম্পানীর ব্যাংকার সাউথইষ্ট ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, প্রাইম ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ সহ সকলকে।

ধন্যবাদান্তে
পরিচালনা পর্ষদের পক্ষে

(মোঃ কামাল হোসেন গাজী)
চেয়ারম্যান

উদ্বেগ ও তার প্রতিকার প্রতিবেদন-সংযোজনী-১

১.ব্যবসায়িক ঝুকি

ক) কাঁচামাল সরবরাহের সাথে ঝুকি,

এই ব্যবসায়টি কাচামাল সরবরাহের ক্ষেত্রে উদ্ভুত ঝুকির মধ্যে রয়েছে। এই শিল্পের প্রধান কাচামাল রসায়ন নিয়ন্ত্রিত এম.এস রডের উপর নির্ভরশীল। কোন রপ্তানীকারক/ সরবরাহকারী এল.সি হাতে না পাওয়া পর্যন্ত তা উৎপাদন করে না । ফলে পর্যাপ্ত চলতি মুলধন আয়োজন থাকতে হয়। বিলম্বে সরবরাহ, গুনগতমানের হেরফের কোম্পানীকে ঝুকিতে ফেলতে পারে।

কিছু কাচামাল যেমন: রুটাইল, ফেরো ম্যাঙ্গানিজ, সেলোলুজ ইত্যাদি আবার নির্দিষ্ট কয়েকটি দেশ যথা : অষ্ট্রেলিয়া, সিয়েরা লিওন এবং ভারত হতে আনতে হয়।

প্রতিযোগিতামুলক স্কেল ধরে রাখতে কাচামালের সরবরাহ প্রাপ্তির উপর কঠোর নজরদারী রাখতে হয়।

২. বাজার ঝুকি

অন্যান্য শিল্প ও বানিজ্যের মতো এক্ষেত্রেও বাজার ঝুকি বিদ্যমান । ঝুকিগুলি হচ্ছে:

- ঋনের উপর সুদের হার
- বৈদেশিক মুদ্রার দরের উথান পতন
- স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারের সঙ্গে উৎপাদিত পন্যের মুল্যের হেরফের।
- অর্থনৈতিক অবস্থা কোম্পানীর সাধ্যের মধ্যে তা নিয়ন্ত্রনের চেষ্টা অব্যাহত রাখবে।

বিগত ৫ বছরের পরিচালনার তথ্যচিত্র-সংযোজনী-২

আর্থিক ফলাফল		২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩	২০১২
গ্রস- টার্নওভার	টা:	৪১,৭৭৭,৬৯১	২১৬,৮২৯,৯৪৯	৪৬৬,৯৭২.০০	৩৪৭,১৫১,৬৭৪	৪৩৮,০০২,৫৪৬
মুল্য সংযোজন কর	টা:	১৬৬,০৩২	১৪,১৯১,০৮৯	৪৯,৬৭৩,১৬৫	৩৮,৬৯০,৮৫৩	৫৫,৭৪৭,১০৭
নেট- টার্নওভার	টা:	৪১,৬১১,৬৫৯	১৯৯,৬৩৮,৮৬০	৪১৭,২৯৯,০১৫	৩০৮,৪৬০,৮২১	৩৮২,২৭৫,৪৩৯
মোট লাভ	টা:	৮,০৩০,৬৭৭	৪৯,৮৬৫,৮৬৬	১৩২,৮৪৯,৫৩৪	১০৩,৩২০,৩১১	১১৫,৭৪২,০২৭
গ্রস প্রফিট পারসেন্টেজ	%	১৯.২৯	২৪.৯৭	৩১.৮৪	৩৩.৫০	৩০.২৮
প্রফিট বিফোর ট্যাক্স	টা:	২৭০,৫২০,৬৮৫	(১৪৯,২০৩,৭৯৭)	(৪,৫২০,৫১৮)	১১,৭০৫,২৮৭	১৫,৫৮৪,৬৯৪
নেট প্রফি আফটার ট্যাক্স	টা:	৮৩,৮৬০,১৩১	(১৫০,৪০৩,৮৭৬)	২,৮০১,৮৩৩	৯,৮১৫,৯৫৮	১৩,৭৫৮,৬৩৩
	%	২০০.৭২	(৬৯.৩৬)	(১.০৮)	৩.৭৯	৪.০৮
শেয়ার প্রতি আয় (ইপিএস)	টা:	১.৯৫	(৩.৪৬)	(০.২১)	০.১৯	০.২৪

Financial Position		২০১৬-১৭	২০১৫-১৬	২০১৪-১৫	২০১৩	২০১২
চলতি অনুপাত	Times	১.৫৫	১.৩১	১.৭৪	১.৫৬	১.৭৫
নেট এসেট ভ্যালু	টা:	৫১৬,৬০৩,৩৫৩	৫৫২,৫৬৬,৭৯৯	৬৮৬,০৪৫,৬৮২	৭০২,২৭১,৪৮৭	৬৯৪,১৬৩,৪৬৮
নেট এসেট ভ্যালু পার শেয়ার	টা:	১২.০৪	১২.৮৭	১৫.৯৮	১৭.১৮	১৬.৯৮
NOCFS পার শেয়ার	টা:	(০.৭৩)	(১.২৬)	(০.২৫)	(০.১৯)	(০.১৬)
পেইড আপ কেপিটাল		৪২৯,২০১,০৪৫	৪২৯,২০১,০৪৫	৪০৮,৭৬২,৯০০	৪০৮,৭৬২,৯০০	৭৬২,৭৬২,৯০০

VALUE ADDED STATEMENT-2017

	30.06.2017	%	30.06.2016	%
Revenue-Gross	41,777,691		216,829,949	
Other Income/(Loss)	(142,850)		374,247	
	41,634,841		**217,204,196**	
Less: Paid to suppliers and services	20,705,200		158,450,461	
	20,929,641	**100**	**58,753,735**	**100**
Wages, Salaries,bonus,commision,other benefits	26,563,332	126.92	41,497,243	70.63
Providers of Finance	41,926,542	200.32	6 4,081,035	109.07
